# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশা/ঝালকাঠি-৫১/৯৬

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩১ / ০৩ ডিসেম্বর ২০২৪

**বিষয়ঃ সহকারী শিক্ষক (বাংলা) এর দরখাস্ত তাং ০৮/১০/২০২৩ এ বর্ণিত বিষয়ে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র বোর্ডে প্রেরণ**

সূত্র: ১। রিট পিটিশন নং ১২৭৭২/২০২৩ এ প্রদত্ত আদেশ, তারিখ: ০৪/১২/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন জীবনদাস কাঠি এন এ এস দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (বাংলা) জনাব মোঃ মজিবুর রহমান বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে গত ০৮/১০/২০২৩খ্রি. তারিখে একটি আবেদন করেন (কপি সংযুক্ত)। একই বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১২৭৭২/২০২৩ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ জনাব মোঃ মজিবুর রহমান কর্তৃক দাখিলকৃত দরখাস্ত তাং ০৮/১০/২০২৩খ্রি. নিষ্পত্তির জন্য আদেশ প্রদান করেন।

এমতাবস্থায়, জনাব মোঃ মজিবুর রহমান কর্তৃক দাখিলকৃত দরখাস্ত তাং ০৮/১০/২০২৩খ্রি. নিষ্পত্তির লক্ষ্যে দরখাস্তে বর্ণিত অভিযোগ বিষয়ে মাদ্রাসা কর্তৃপক্ষের লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৩/১২/২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)
ও
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registar@bmeb.gov.bd

০৩/১২/২৪

১। সভাপতি
পরিচালনা কমিটি
জীবনদাস কাঠি এন এ এস দাখিল মাদ্রাসা, রাজাপুর, ঝালকাঠি

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার
জীবনদাস কাঠি এন এ এস দাখিল মাদ্রাসা, রাজাপুর, ঝালকাঠি

চলমান পাতা -০২

D:\Letter for LA Vatted\101947.doc

নং-বামাশিবো/প্রশা/ঝালকাঠি-৫১/৬৫

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩১
০৩ ডিসেম্বর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. জেলা প্রশাসক, ঝালকাঠি;
৩. জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠি;
৪. উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজাপুর, ঝালকাঠি;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০৩/১২/২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)
ও
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registar@bmeb.gov.bd

০৩/১২/২৪

**ANNEXURE-"D**

বরাবর,
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বখশি বাজার, ঢাকা-১০০০।

**বিষয়ঃ ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন জীবনদাসকাঠী এন.এ.এস দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (বাংলা) মোঃ মজিবুর রহমান এর সাময়িক বরখাস্তের সময়কাল ৬০ দিন অতিক্রান্ত হওয়ায় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন তারিখ: ০৬/০৮/২০১৭ ইং অনুযায়ী চাকুরীতে স্বয়ংক্রিয়ভাবে স্বপদে পুনঃবহাল/সরকারি অংশের সমুদয় বেতন-ভাতা সহ অন্যান্য ভাতা প্রদান করার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে নির্দেশ প্রদানের জন্য আবেদন প্রসঙ্গে।**

মহোদয়,
বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ **মজিবুর রহমান, সহকারী শিক্ষক (বাংলা), জীবনদাসকাঠী এন.এ.এস দাখিল মাদ্রাসা,** উপজেলাঃ রাজাপুর, জেলাঃ ঝালকাঠি। চাকুরী বিধির সকল শর্ত পূরণ করে আমি অত্র প্রতিষ্ঠানে গত ইং ০৫/০৪/১৯৯০ তারিখে সকারী শিক্ষক (বাংলা) পদে নিয়োগ লাভ করি এবং উক্ত নিয়োগের আলোকে একই তারিখে যোগদান করি। আমার নাম প্রথম এমপিওভুক্ত হয় মে/১৯৯১ মাস হতে, যার ইনডেক্স নং- ৩৬০৩৬০।

মাদ্রাসা কর্তৃপক্ষ আমার নিয়োগ এবং যোগদান পরবর্তী বিভিন্ন সময় পদ সমন্বয় পূর্বক ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক গত ইং ০১/০৮/১৯৯৭ তারিখ আমাকে পুনঃনিয়োগপত্র (বাংলা) প্রদান করেন। উক্ত পুনঃনিয়োগ পত্রের আলোকে একই তারিখে আমি আবার যোগদান করি (কপি সংযুক্ত)।

চাকুরীতে কর্মরত থাকাবস্থায় মাদ্রাসা কর্তৃপক্ষ সম্পূর্ণ বেআইনীভাবে আমাকে গত ইং ০৭/০৮/২০২২ তারিখ সাময়িক বরখাস্ত করেন (কপি সংযুক্ত)। দীর্ঘদিন অতিক্রান্ত হলেও প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অদ্যবধি পর্যন্ত আমার সাময়িক বরখাস্তের বিষয়ে পরবর্তী কোন প্রকার কার্যক্রম শুরু/শেষ করেন নাই। ইতিমধ্যে আমার সাময়িক বরখাস্তের সময়কাল প্রায় ১৪ মাস অতিক্রান্ত হয়েছে। কিন্তু প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এ বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ না করে আমাকে মানসিকভাবে কষ্ট দিচ্ছেন। দীর্ঘদিন চাকুরীর বাহিরে থাকায় এবং সরকারি অংশের বেতন-ভাতা না পাওয়ায় পারিবারিকভাবে চরম আর্থিক কষ্টে আছি এবং বিভিন্নভাবে হেয়প্রতিপন্ন হইতেছি। আমার সাময়িক বরখাস্তের বিষয়টি দ্রুত নিস্পত্তি হওয়া একান্ত প্রয়োজন। এ বিষয়ে আমি আপনার হস্তক্ষেপ একান্তভাবে কামনা করছি।

**যেসকল কারণ এবং হেতু মূলে আমার সাময়িক বরখাস্তের আদেশ বাতিল এবং চাকুরীতে স্বপদে স্বয়ংক্রিয়ভাবে বহাল/সরকারি অংশের সমুদয় বেতন-ভাতা প্রাপ্য হইতেছি তা নিম্নে পেশ করা হলোঃ-**

১. মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের রীট মামলা নং- ৩৬৫৭/২০১৫ এর আদেশে বলা হয়েছে যে, যদি সাময়িক বরখাস্তের মেয়াদকাল ৬০ দিনের বেশী হয় তাহলে সাময়িক বরখাস্তকৃত শিক্ষক স্বয়ংক্রীয়ভাবে চাকুরীতে স্বপদে পুনঃবহালসহ সরকারী অংশের সমুদয় বকেয়া বেতন–বাতা প্রাপ্য হবেন (আদেশের সার্টিফাইড কপি সংযুক্ত)।

২. মহামান্য হাইকোর্ট বিভাগের ৩৬৫৭/২০১৫ নং রীট মামলার আদেশের প্রেক্ষিতে পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃপক্ষ গত ইং ০৬/০৮/২০১৭ তারিখ প্রজ্ঞাপন আকারে জারি করেন, উক্ত প্রজ্ঞাপনে বলা হয়েছে, যথা: উপর্যুক্ত বিষয়ের পেরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট ডিভিশন এর রীট পিটিশন নং- ৩৬৫৭/২০১৫ এর রায়ে বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে ৬০ দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন (কপি সংযুক্ত)।

চলমান পাতা-০২

True Copy
Md. Sharif Khan
Advocate

28 - 30

৩. আমি অত্র মাদ্রাসায় সহকারী শিক্ষক (বাংলা) হিসেবে ০৫/০৪/১৯৯০ ইং তারিখে নিয়োগলাভ করি এবং একই তারিখে যোগদান করি। সরকারি অংশের বেতন ভাতা আমি আমার পদবী অনুযায়ী মে/১৯৯১ হতে উত্তোলন করতে থাকি। কিন্তু মাদ্রাসা কর্তৃপক্ষ আমার বিরুদ্ধে প্রায় ৩০ বৎসর পর আর্থিক অনিয়ম সহ অর্থ আত্মসাৎ এবং পদবীর বিষয়ে বিভিন্ন অভিযোগ আনায়ন করেছেন যা সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন এবং উদ্দেশ্য প্রনোয়ীত। আমি অত্র প্রতিষ্ঠানের একজন সহকারি শিক্ষক (বাংলা) হিসেবে দায়িত্ব পালন করে থাকি। আর্থিক বিষয়ে আমার সাথে কোন সম্পৃক্ততা নাই। সরকারি অংশের বেতন ভাতা এমপিও এর মাধ্যমে আসে এবং মাদ্রাসা কর্তৃপক্ষ বেতন ভাতা প্রস্তুত পূর্বক ব্যাংকে জমা দেয়। সুতরাং অর্থ আত্মসাৎের বিষয়টি সম্পূর্ণ মিথ্যা এবং ভিত্তিহীন। যেসকল অভিযোগে আমাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে যদি সত্য হতো তাহলে মাদ্রাসা কর্তৃপক্ষ অনেক আগেই আমার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতেন। সুতরাং আমার অভিযোগ সমূহ সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন। এক্ষেত্রে আমার সাময়িক বরখাস্তের গত ইং ০৭/০৮/২০২২ তারিখের আদেশটি অবৈধ এবং বাতিলযোগ্য হইতেছে।

৪. মাদ্রাসা কর্তৃপক্ষ যে অভিযোগের ভিত্তিতে আমাকে সাময়িক বরখাস্ত করেছেন উক্ত অভিযোগের বিষয়ে উপজেলা সমাজসেবা কার্যালয়, রাজাপুর, ঝালকাঠি তদন্ত করেন এবং গত ইং ৩১/০৭/২০২২ তারিখে তদন্ত প্রতিবেদন জমা দেন (কপি সংযুক্ত)। উক্ত তদন্ত প্রতিবেদনে দেখা যায় আমার বিষয়ে আনীত অভিযোগ প্রমাণিত হয় নাই। সুতরাং আমার সাময়িক বরখাস্তের আদেশ বেআইনী এবং অবৈধ হইতেছে।

উল্লেখ্য যে, ৩৬৫৭/২০১৫ নং রীট মামলার আদেশ ও শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত প্রজ্ঞাপন সহ আমি সভাপতি বরাবরে ইতিপূর্বে চাকুরীতে স্বপদে পুনঃবহাল/সরকারি বেতন ভাতা প্রাপ্তির জন্য আবেদন করেছিলাম (কপি সংযুক্ত)। কিন্তু প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এ বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করেন নাই।

অতএব, মহোদয় উপরোক্ত বর্ণনাসমূহ সদয় বিবেচনা করে ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন জীবনদাসকাঠী এন.এ.এস দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (বাংলা) মোঃ মজিবুর রহমান এর সাময়িক বরখাস্তের সময়কাল ৬০ দিন অতিক্রান্ত হওয়ায় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন তারিখ: ০৬/০৮/২০১৭ ইং অনুযায়ী চাকুরীতে স্বয়ংক্রিয়ভাবে স্বপদে পুনঃবহাল/সরকারি অংশের সমুদয় বেতন-ভাতা সহ অন্যান্য ভাতা প্রদান করার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে নির্দেশ প্রদানের ব্যবস্থা গ্রহণ করলে আমি আপনার নিকট চিরকৃতজ্ঞ থাকিবো।

বিনীত নিবেদক

তারিখঃ ০৮/১০/২০২৩ ইং

(মোঃ মজিবুর রহমান)
সহকারী শিক্ষক (বাংলা)
(সাময়িক বরখাস্তকৃত)
জীবনদাসকাঠী এন.এ.এস দাখিল মাদ্রাসা
উপজেলাঃ রাজাপুর, জেলাঃ ঝালকাঠি।
মোবাঃ ০১৭১৫-৭১৪১৬৪